## উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা, ও স্থানীয় সম্পদ আহরণ উন্নয়ন বিষয়ক স্ট্যাডিং কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বদরগঞ্জ, রংপুর।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ২৫/০৪/২০২২খ্রিঃ। সভার সময় ঃ বেলা- ১২.৪৫ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয়ে কে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ আরম্ভ হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান লোহানীপাড়া ইউপি সভায় জানান যে, উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করেন এবং এই বিষয়ে সুন্দর সমাধানের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের বিষয়ে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০২। | সভাপতি সভায় জানান যে, উপজেলা এডিপি, কাবিখা, টিআর, প্রকল্পের বরাদ্দ বিভাগ/দপ্তর উপজেলা পরিষদ ম্যনুয়াল অনুযায়ী বিভাজন করা দরকার। কারন উপজেলা খাত ভিত্তিক বরাদ্দ অনুযায়ী স্কীম গ্রহন করা হয় না। যাতে অনেক খাতে বরাদ্দ কম হয়। সমস্য সমাধানের জন্য আলোচনা করে ব্যবস্তা গ্রহণ করা হবে। এই বিষয়ে সন্মানীত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট আবেদনের মাধ্যমে অবগত করতে হবে এবং পরিষদ সভায় উপস্থাপন করা অতিব প্রয়োজন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা এডিপি, কাবিখা, টিআর, প্রকল্পের বরাদ্দ বিভাগ/দপ্তর উপজেলা পরিষদ ম্যনুয়াল অনুযায়ী বিভাজন অনুযায়ী এবং উপজেলা খাত ভিত্তিক বরাদ্দ অনুযায়ী স্কীম গ্রহনে বিভিন্ন সমস্য সমাধান করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৩। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা বিভিন্ন রাস্তায় নিরাপত্তা ছাউনি নির্মাণ করা জরুরী। কারণ উপজেলা বিভিন্ন নির্জন রাস্তায় বিভিন্ন অপরাধ মূলক কার্যক্রম হচ্ছে। এই অপরাধ বন্ধের জন্য রাস্তায় নিরাপত্তা ছাউনি নির্মাণ করা প্রয়োজন। সভাপতি সভায় বলেন,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে অর্থ বা উপজেলা পরিষদের বিভিন্ন বরাদ্দ হতে ব্যবস্থা/প্রকল্প গ্রহণ করা হবে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বিভিন্ন রাস্তায় নিরাপত্তা ছাউনি নির্মাণ করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৪। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলার স্থানীয় সম্পদের উৎসগুলি চিহিত করা দরকার। আয় ও ব্যয়ের খাতগুলোর হিসাব বিবরণীর প্রতিবেদন তৈরী করা দরকার। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলার স্থানীয় সম্পদের উৎসগুলি চিহিত করা দরকার। আয় ও ব্যয়ের খাতগুলোর হিসাব বিবরণীর প্রতিবেদন তৈরীর বিষয়ে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি, স্ট্যান্ডিং কমিটি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |
| ০৫। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা | বদরগঞ্জ উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা | সভাপতি, |

| | | | |
|---|---|---|---|
| | অনুযায়ী প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করেন এবং এই বিষয়ে সুন্দর সমাধানের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | অনুযায়ী প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের বিষয়ে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | স্ট্যান্ডিং কমি[illegible] ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

সভাপতি আগামী সভায় সংশ্লিষ্ট সকল সদস্য কে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানীত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ তাজুল ইসলাম)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা, ও স্থানীয় সম্পদ আহরণ
উন্নয়ন বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- এলজিইডি/উঃপ্রঃ/বদর/২০২২- (১৫) তারিখ ঃ ২৫/০৪/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য , ২০ রংপুর-২(বদরগঞ্জ-তারাগঞ্জ)।
০২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৭-৮। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৯। উপজেলা . ....................................অফিসার, বদরগঞ্জ, রংপুর।
১০। চেয়ারম্যান,........................................................ইউ.পি,(সকল)বদরগঞ্জ, রংপুর।
১১। জনাব ..........................................সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
১২। অফিস নথি।

(মোঃ আশাদুজ্জামান বাপ্পী)
উপজেলা প্রকৌশলী এলজিইডি
ও
সদস্য সচিব
উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা, ও স্থানীয় সম্পদ আহরণ
উন্নয়ন বিষয়ক স্ট্যাডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।